

বিশ্বমানের জাতীয় পরিসংখ্যান
ব্যবস্থা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সমন্বয় ও সংস্কার শাখা

আগামী ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'তে পরিকল্পনা দলিল ও বাজেটের সাথে এপিএ'র কার্যক্রমের সংযোগ স্থাপন বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি	ফারুক আহমেদ অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও এপিএ টিম লিডার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার তারিখ	০৭ জানুয়ারি ২০২৩ (২২ ফাল্গুন ১৪২৯)
সভার সময়	বেলা ১১:৩০ টা
স্থান	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ (ব্লক-বি)
উপস্থিতি	সংযোজনী- “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সিনিয়র সহকারী সচিব মোঃ খন্দকার মাহাবুবুর রহমান সভাকে জানান যে, আগামী ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'তে পরিকল্পনা দলিল ও বাজেটের সাথে এপিএ'র কার্যক্রমের সংযোগ স্থাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ছক মোতাবেক তথ্য পূরণ করে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য এ সভা আহ্বান করা হয়েছে। অতঃপর তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্ধারিত ছক উপস্থাপন করেন।

মন্ত্রণালয়/বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ প্রস্তুতির লক্ষ্যে পরিকল্পনা দলিল ও বাজেটের সাথে এপিএ'র কার্যক্রমের সংযোগ স্থাপনের ছক

ক্র মি ক	সংশ্লিষ্ট নীতি/ পরিকল্পনা/ নির্দেশনা/প্রকল্পের নাম	উক্ত নীতি/নির্দেশনা/পরিকল্পনা/ প্রকল্পে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম	ইতোমধ্যে সম্পাদিত কার্যক্রম	২০২৩-২৪ অর্থবছরে এপিএ-তে অন্তর্ভুক্ত করার জন্য উক্ত নীতি/নির্দেশনা/পরিকল্পনা/ প্রকল্পের চিহ্নিত কার্যক্রম	কার্যক্রমের বিপরীতে ২০২৩-২৪ অর্থবছরে- সম্ভাব্য বাজেট বরাদ্দ
০১.	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা				
০২.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি				
০৩.	মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত				
০৪.	এস ডি জি				
০৫.	বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা				
০৬.	মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি/ পরিকল্পনা				

--	--	--	--	--

২। জনাব মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী, উপসচিব, এসডিজি সেল সভাকে অবহতি করেন যে, তিনি ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং এসডিজি সংশ্লিষ্ট অংশ সমন্বয় করবেন।

৩। সভাপতি মহোদয় বলেন, এ বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা করা যেতে পারে। এ বিভাগের এপিএ টিম এবং মহাপরিচালক, উপমহাপরিচালক ও সকল পরিচালকগণ উক্ত সভায় উপস্থিত থাকবেন। সকল কর্মকর্তাদের মতামতের উপর নির্ভর করে আগামী ২০২৩-২৪ অর্থবছরের এপিএ প্রস্তুতির লক্ষ্যে পরিকল্পনা দলিল ও বাজেটের সাথে এপিএ'র কার্যক্রমের সংযোগ স্থাপনের ছক পূরণ করা যেতে পারে।

৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত/সুপারিশসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:


(ক) এ বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আয়োজন করতে হবে।

(খ) উপসচিব, এসডিজি সেল ৮ম পঞ্চবার্ষিক, এসডিজি এবং বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা'র সংশ্লিষ্ট অংশের সমন্বয় করে সমন্বয় ও সংস্কার শাখায় প্রেরণ করবেন।

(গ) উপসচিব, উন্নয়ন-২ ও উন্নয়ন-১ অধিশাখা আগামী অর্থবছরে গৃহীতব্য প্রকল্পসমূহ, চলমান প্রকল্প এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহের আলোকে তথ্য তথ্য প্রেরণ করবেন।

(ঘ) উক্ত ছক মোতাবেক তথ্য প্রেরণের জন্য মহাপরিচালক, বিবিএস-কে পত্র প্রেরণ করতে হবে।

৫। অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।



ফারুক আহমেদ

অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও এপিএ টিম লিডার,
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০১০.১৬.০৫২.২২.৪৯

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯

০৯ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ২) যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩) উপ-মহাপরিচালক ও এপিএ টিম লিডার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- ৪) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬) উপসচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

- ৭) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১০) উপসচিব (সংযুক্তি), এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১১) উপসচিব, তথ্য ব্যবস্থাপনা-১ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১২) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)
- ১৩) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১৪) পরিসংখ্যান কর্মকর্তা ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রশাসন শাখা, এফএ অ্যান্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- ১৫) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সভার কার্যবিবরণী এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)



খন্দকার মো: মাহাবুবুর রহমান
সিনিয়র সহকারী সচিব